

সাংহাইয়ে চীনের প্রথম লেগোল্যান্ড রিসোর্ট

- A Monitor Desk Report

Date: 07 July, 2025



ঢাকাঃ চীনের সাংহাইয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে দেশটির প্রথম লেগোল্যান্ড রিসোর্ট।

বিশ্বখ্যাত লেগো ব্লকের তৈরি এ বিনোদন কেন্দ্র শিশু-কিশোর থেকে শুরু করে সব বয়সী দর্শকের কাছে হয়ে উঠতে পারে নতুন এক আনন্দভূমি।

২৬ মিটার উঁচু বিশাল 'দাদা' নামের লেগো ফিগার দিয়ে সাজানো এ রিসোর্টের প্রবেশদ্বার যেন এক রঙিন স্বপ্নের হাতছানি। পার্কজুড়ে রয়েছে ৮ কোটি ৫০ লাখেরও বেশি লেগো ব্লক দিয়ে তৈরি অগণিত শিল্পকর্ম।

রিসোর্টটির মূল আকর্ষণ মিনিল্যান্ড। যেখানে বেইজিংয়ের টেম্পল অব হেভেন, সাংহাইয়ের বান্ড ওয়াটার ফ্রন্টসহ চীনের নানা ঐতিহাসিক নিদর্শন লেগো ব্লকের মাধ্যমে জীবন্ত করে তোলা হয়েছে। এছাড়া এতে আছে লেগো দিয়ে তৈরি ঐতিহ্যবাহী চীনা জলনগরীর আদলে একটি বোট রাইডও।

সাংহাই সরকারের সহযোগিতায় মেরলিন এন্টারটেইনমেন্টস ও লেগো গ্রুপের যৌথ উদ্যোগে রিসোর্টটি নির্মাণ করা হয়েছে। রিসোর্টটিতে প্রবেশে টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে ৩১৯-৫৯৯ ইউয়ান (প্রায় ৪৪-৮৪ ডলার)।

কর্তৃপক্ষের মতে, শুধু বিনোদন নয়, শিশুদের সৃজনশীলতা ও কল্পনার জগৎকে অনুপ্রেরণা দেয়ার পাশাপাশি চীনের পর্যটন খাতে নতুন মাত্রা যোগ করবে এ লেগোল্যান্ড।

-B